২০ মামলার আসামী হয়েও ধরাছোঁয়ার বাইরে বিজন

ব্রুনাইয়ে মানবপাচারের অভিযোগে মূল হোতা মেহেদী হাসান বিজন গ্রুপের আর এক সদস্য শেখ আমিনুর রহমান হিমু (৫৫) নামের একজনকে আটক করেছে র্যাব। তবে ২০টি মামলার আসামী হলেও মেহেদী হাসান বিজন এখনো ধরাছোঁয়ার বাইরে রয়েছেন। মূল হোতা মেহেদী হাসান বিজনের বাড়ি মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামে।
গতকাল বুধবার (২৩ সেপ্টেম্বর) বিকালে রাজধানীর টিকাটুলিতে র্যাব-৩ প্রধান কার্যালয়ে ব্যাটালিয়নের অধিনায়ক (সিও) লেফটেন্যান্ট কর্নেল রাকিবুল হাসান সাংবাদিকদের হিমুকে গ্রেপ্তারের তথ্য জানান। এ সময় উপস্থিত ছিলেন র্যাব-৩-এর নির্বাহী ম্যাজিস্ট্রেট পলাশ কুমার বসু।

ব্রুনাইয়ে চাকরি দেওয়ার নাম করে ৪০০ লোকের কাছ থেকে প্রায় ৩৩ কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে শেখ আমিনুর রহমান হিমু (৫৫) নামে একজনকে গ্রেফতার করেছে র্যাব-৩। তাকে ব্রুনাইয়ে মানবপাচারের অন্যতম মূলহোতা হিসেবে চিহ্নিত করেছে র্যাব। সে সংসদ সদস্য হিসেবে মিথ্যা পরিচয় দিয়ে এই মানবপাচার অব্যাহত রেখেছিল। এবং মেহেদী হাসানের বিজন গ্রুপের সদস্য এই হিমু।

র্যাব জানায়, ২০১৯ সালে হিমু ব্রুনাইয়ে মানবপাচারের মূলহোতা মেহেদী হাসান বিজনের কোম্পানির নামে ভুয়া ডিমান্ড লেটার সংগ্রহ করে ৬০ জনকে ব্রুনাইয়ে পাঠায়। ভুক্তভোগীরা ঋণ করে ও জমিজমা বিক্রি করে ব্রুনাইয়ে গিয়ে কোনও কাজ না পেয়ে মানবেতর জীবনযাপন করে নিজ খরচে দেশে ফিরে আসেন। হিমুর নিজের কোনও রিক্রুটিং লাইসেন্স নেই। সে নজরুল ইন্টারন্যাশনাল সার্ভিস ও হাইওয়ে ইন্টারন্যাশনাল আরএল ব্যবহার করে ব্রুনাইয়ে মানবপাচার করে।

এর আগে, বুধবার দুপুরে রাজধানীর কাফরুল থেকে এনএসআই ও র্যাবের অভিযানে শেখ আমিনুর রহমান হিমু এবং তার সহযোগী আরও দুজন মো. নুর আলম (৩৬) ও বাবলুর রহমানকে (৩০) গ্রেফতার করা হয়। এ সময় হিমুর দেহ তল্লাশি করে একটি বিদেশি পিস্তল ও গুলিভর্তি ম্যাগাজিন পাওয়া যায়।

র্যাব-৩ অধিনায়ক (সিও) লেফটেন্যান্ট কর্নেল রাকিবুল হাসান বলেন,

ধীরে ধীরে মানব পাচারের সঙ্গে যুক্ত হয়ে বনে যান কোটি কোটি টাকার মালিক। গত বছর কয়েকজন শ্রমিকের মামলার পর ব্রুনাই সরকার তার ভিসা বাতিল করে। কয়েকমাস জেল খাটার পর তাকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়। বাংলাদেশ সরকারও তার পাসর্পোর্ট বাতিল করে।

দেশে ফেরত আসা শ্রমিকরা বিজন ও সহযোগীদের বিরুদ্ধে বিভিন্ন থানায় ২০ টি মামলা করে। অভিযোগের ভিত্তিতে এ বছরের মার্চে, চক্রের বেশ কিছু সদস্যকে গ্রেফতার করলেও কোনো এক অজানা কারণে ধরা ছোঁয়ার বাইরে মুলহোতো মেহেদী হাসান বিজন।

জামিন পেলেন সংগ্রাম সম্পাদক আবুল আসাদ

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় দৈনিক সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে এক বছরের জামিন দিয়েছেন হাইকোর্ট।

বুধবার বিচারপতি মো. এমদাদুল হক ও মো. আকরাম হোসেন চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদালতে আবেদনের পক্ষে শুনানিতে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী খন্দকর মাহবুব হোসেন ও মোহাম্মদ শিশির মনির।

পরে শিশির মনির সাংবাদিকদের জানান, সংগ্রাম পত্রিকার সম্পাদক আবুল আসাদকে আদালত রুলসহ এক বছরের জামিন দিয়েছেন।

প্রসঙ্গত ২০১৯ সালের ১২ ডিসেম্বর দৈনিক সংগ্রাম পত্রিকায় প্রকাশিত এক প্রতিবেদনে একাত্তরে মানবতাবিরোধী অপরাধে ফাঁসি কার্যকর হওয়া কাদের মোল্লাকে ‘শহীদ’ হিসেবে উল্লেখ করা হয়।

এতে ক্ষুব্ধ হয়ে পরদিন ১৩ ডিসেম্বর পত্রিকাটির কার্যালয় ভাঙচুর করে মুক্তিযোদ্ধা মঞ্চের একদল নেতাকর্মী।

মঞ্চের সভাপতি আমিনুল ইসলাম বুলবুল ও সেক্রেটারি আল মামুনের নেতৃত্বে নেতাকর্মীরা বিকাল ৫টার দিকে কার্যালয়ের সামনে জড়ো

হয়ে প্রায় এক ঘণ্টা ভাঙচুর চালায়। তারা কার্যালয়ে ঢুকে বেশ কয়েকটি টেলিভিশন, কম্পিউটার ও আসবাবপত্র ভাঙচুর করে।

পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে দৈনিক সংগ্রামের সম্পাদক আবুল আসাদকে হাতিরঝিল থানায় নিয়ে যায়।

ওইদিন রাতে ঢাকা সিটি কর্পোরেশনের ৩৬ নম্বর ওয়ার্ডের মুক্তিযোদ্ধা কমান্ডার মোহাম্মদ আফজাল সংগ্রাম পত্রিকার সম্পাদকসহ সাত-আটজনকে আসামি করে ডিজিটাল নিরাপত্তা আইনে একটি মামলা করেন।

সূত্র- যুগান্তর

‘মেট্রোরেলের সবকিছু ওলট-পালট করে দিয়েছে করোনা’

মহামারি করোনাভাইরাস মানুষের জীবনের মত মেট্রোরেল প্রকল্পেরও সবকিছু ওলট-পালট করে দিয়েছে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

বুধবার তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মেট্রোরেল প্রকল্পের উদ্যোগে নির্মিত ফিল্ড হাসপাতাল উদ্বোধনকালে মন্ত্রী এ মন্তব্য করেন।

ওবায়দুল কাদের বলেন, নতুন নতুন সংকট শুরু হয় এ প্রকল্পে, সমাধানের জন্যও পথ খোঁজা হয়। করোনাভাইরাস সবকিছু উলট-পালট করে দিয়েছে।

তিনি বলেন, এই মহামারীতে মেট্রোরেলের সঙ্গে সংশ্লিষ্টদের স্বাস্থ্য সুরক্ষায় হাসপাতাল নির্মাণসহ নানা উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পে অধিকাংশ জাপান ও থাইল্যান্ডের প্রকৌশলী পরামর্শকরাই কাজ করছেন।

সেতুমন্ত্রী বলেন, সরকার ২০৩০ সালের মধ্যে ঢাকা মহানগরী ও

পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন এবং গণপরিবহনের সক্ষমতা বাড়াতে ৬টি মেট্রোরেল রুট নির্মাণের পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। এর আওতায় নির্মাণ করা হবে ১ শ’ ২৮ কিলোমিটার রুট, যার ৬৭ কিলোমিটার হবে উড়াল পথে এবং ৬১ কিলোমিটার হবে পাতাল পথে।

তিনি বলেন, সংশ্লিষ্টদের করোনা শনাক্ত হলে কিংবা উপসর্গ থাকলে প্রকল্প এলাকায়ই কোয়ারেন্টিনে রাখা হচ্ছে। পাশাপাশি করোনাকালে সংশ্লিষ্ট কর্মীদের প্রকল্প এলাকায় আবাসনের ব্যবস্থা করা হয়েছে। করোনা দীর্ঘায়িত হতে পারে এমন বিবেচনায় মেট্রোরেল কর্তৃপক্ষ কর্মীদের জন্য দুটি ফিল্ড হাসপাতাল নির্মাণ করেছে।

উত্তরার পঞ্চবটী কনস্ট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যাবিশিষ্ট এবং গাবতলীর কনস্ট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যার হাসপাতাল নির্মাণ করা হয়েছে। আইসিইউ সুবিধাসহ সব সুবিধাই রাখা হয়েছে। দেশে কোনো উন্নয়ন প্রকল্পের জন্য হাসপাতাল নির্মাণের নজির এই প্রথম।

প্রকল্পের জনশক্তিকে স্বাস্থ্যবিধি মেনে কাজ করার আহ্বান জানিয়ে ওবায়দুল কাদের বলেন, করোনায় আক্রান্ত হলে নিজেদের জন্য চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলার অংশ হিসেবে ফিল্ড হাসপাতাল দুটি নির্মাণ করা হয়েছে। প্রকল্পে যারা কাজ করছেন এতে তাদের মনোবল বৃদ্ধি পাবে এবং কাজের গতিও বাড়বে।

এ সময় অনলাইনে যুক্ত ছিলেন সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম, ডিএমটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এম এ এন ছিদ্দিক ও প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

সূত্র- যুগান্তর

এইচএসসি ও সমমান পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত বৃহস্পতিবার

এইচএসসি ও সমমান পরীক্ষা আয়োজনের প্রস্তুতি সম্পন্ন হলেও স্বাস্থ্যবিধি মেনে কবে এ পরীক্ষা আয়োজন করা যায় তা এখনও

চূড়ান্ত হয়নি। সে বিষয়ে সিদ্ধান্ত নিতে আগামী বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) অনলাইন বৈঠকে বসবে আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ড। সভায় উপস্থিত থাকবেন সব শিক্ষাবোর্ডের চেয়ারম্যান।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) ঢাকা বোর্ড থেকে এ তথ্য জানানো হয়। আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম আমিরুল ইসলাম বলেন, করোনা পরিস্থিতির মধ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষা আয়োজনের সব প্রস্তুতি সম্পন্ন করেছি। শিক্ষা মন্ত্রণালয় নির্দেশনা দিলে পরীক্ষা গ্রহণ শুরু করবো। পরীক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে ২৪ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সব শিক্ষাবোর্ডের সঙ্গে আলোচনার পর একটি প্রস্তাব তৈরি করবো।

মাদরাসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক কায়সার আহমেদ জানান, এইচএসসি পরীক্ষা সংক্রান্ত বিষয়ে ২৪ সেপ্টেম্বর আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ডের সভা ডাকা হয়েছে। পরীক্ষা কবে ও কীভাবে নেয়া যায় সে বিষয়ে সিদ্ধান্ত হবে।

জানা গেছে, করোনা পরিস্থিতিতে এইচএসসি পরীক্ষা সম্পর্কিত সিদ্ধান্ত মূলত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরামর্শ, করোনা বিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ ও শিক্ষা মন্ত্রণালয়ের ওপর নির্ভর করছে।

প্রসঙ্গত, গত ১ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরুর কথা ছিল। করোনা মহামারির কারণে তা অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে যায়। গত ২২ মার্চ থেকে সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয় যা আগামী ৩ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

জাহালমের ক্ষতিপূরণের রায় ২৯ সেপ্টেম্বর

ভুল আসামি পাটকল শ্রমিক জাহালমকে আসামি করে ঋণ জালিয়াতির ২৬

মামলায় জড়ানো নিয়ে ক্ষতিপূরণ বিষয়ক রুলের ওপর রায় ঘোষণা করা হবে আগামী মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর)।

বুধবার প্রকাশিত কার্য তালিকায় মামলাটি বিচারপতি এফ আর এম নাজমুল আহাসান ও বিচারপতি কে এম কামরুল কাদেরের হাইকোর্ট বেঞ্চের ২৯ সেপ্টেম্বরের কার্য তালিকায় রায়ের জন্য ১ নম্বর ক্রমিকে রাখা হয়েছে।

এই মামলাসহ ৫টি মামলার রায়ের জন্য বেঞ্চটি গঠন করা হয়। ২৯ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর পর্যন্ত বেঞ্চটি বসবেন।

দুদকের আইনজীবী খুরশীদ আলম খান বলেন, আজকে কজলিস্ট দেখলাম। মামলাটি রায়ের জন্য ২৯ সেপ্টেম্বর এক নম্বর আইটেম হিসেবে রাখা হয়েছে।

গত ১২ ফেব্রুয়ারি রুলের ওপর শুনানি শেষে মামলাটি সিএভি রাখা হয়েছিল। অর্থাৎ যে কোনো দিন রায় ঘোষণার জন্য রাখা হয়।

শুনানিতে দুদকের পক্ষে ছিলেন আইনজীবী খুরশীদ আলম খান।

খোঁজ নিয়ে জানা যায়, আবু সালেকের বিরুদ্ধে সোনালী ব্যাংকের প্রায় সাড়ে ১৮ কোটি টাকা জালিয়াতির ৩৩টি মামলা হয়েছে। কিন্তু আবু সালেকের বদলে জেল খাটছেন, আদালতে হাজিরা দিয়ে চলেছেন এই জাহালম। তিনি পেশায় পাটকল শ্রমিক।

সূত্র- বিডি প্রতিদিন

প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত মুম্বাই

প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত ভারতের মুম্বাই। শহরের বিভিন্ন জায়গায় যেমন পানি জমেছে, তেমনি পানি উঠেছে রেললাইনের ওপরেও।

তুমুল বৃষ্টিতে পানির নিচে রাস্তা, বাতিল একাধিক ট্রেন, বাস ও

রেল পরিষেবা ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে৷

আবহাওয়া অফিস আগেই জানানো হয়েছিল যে বুধবার মুম্বাইতে ভারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে৷

বহু জায়গায় মানুষ আটকে গেছে৷ পুলিশ স্থানীয় মানুষের সাহায্যে তাদের উদ্ধার করেছেন এবং সুরক্ষিত জায়গায় পৌঁছে দিয়েছেন৷ অতিভারি এই বৃষ্টির জেরে ট্রেন পরিষেবাও ব্যাহত হয়েছে৷

বাস ও রেল পরিষেবা ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে৷মঙ্গলবার মাঝরাত থেকে প্রবল বৃষ্টি শুরু হয়। পানি জমে যাওয়ায় সেন্ট্রাল রেলওয়ে একাধিক ট্রেন বাতিল করে দিয়েছে এবং বেশ কিছু ট্রেনের রুট বদল করে দেওয়া হয়েছে৷

অন্যদিকে দিল্লিতেও এদিন হালকা বৃষ্টি শুরু হয়েছে৷ এর জেরে মঙ্গলবারের প্রচণ্ড অস্বস্তিকর গরম থেকে কিছুটা স্বস্তি মিলেছে৷ দিল্লিতে গত ১৩ দিনে বৃষ্টি হয়নি। ৮ সেপ্টেম্বর সফদরগঞ্জে শেষ বৃষ্টি হয়েছিল৷ চলতি মাসে দিল্লিতে কেবল ৩ দিন বৃষ্টি হয়েছে৷

বৃষ্টি না হওয়ায় আর্দ্রতা ও গরমে নাজেহাল অবস্থা হচ্ছিল সাধারণ মানুষের৷ সেপ্টেম্বরে ৮০ শতাংশ কম বৃষ্টি হয়েছে ভারতের রাজধানীতে৷

সূত্র- বিডি প্রতিদিন

৫ বছরে বিদেশ সফরে ৫১৭ কোটি ব্যয় করেছেন মোদি

২০১৫ সাল থেকে বিশ্বের ৫৮টি দেশ সফর করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মোদির এই বিদেশ সফরের পেছনে সরকারের খরচ হয়েছে ৫১৭ কোটি টাকা।

মঙ্গলবার রাজ্যসভায় প্রধানমন্ত্রীর বিদেশ সফর বাবদ খরচের বিষয়টি লিখিত ভাবে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র প্রতিমন্ত্রী ভি

মুরলীধরণ।

তিনি জানান, ২০১৫ সালের পর মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়ায় ৫ বার গিয়েছেন নরেন্দ্র মোদি। এছাড়াও গিয়েছেন চীন, সিঙ্গাপুর, জার্মানি, ফ্রান্স, সংযুক্ত আরব আমিরাতের মতো মোট ৫৮টি দেশে। ওইসব সফরের জন্য মোট খরচ হয়েছে ৫১৭.৮২ কোটি টাকা।

গত নভেম্বরে শেষবার বিদেশ সফর করেছেন মোদি। ব্রিক্সের সম্মেলনে যোগ দিতে গিয়েছিলেন ব্রাজিল। ওই মাসের প্রথম দিকে গিয়েছিলেন থাইল্যান্ড। তারপর বিশ্বে করোনা মহামারী বিস্তার করলে আর বাইরে যেতে পারেননি তিনি।

এদিকে ২০১৮ সালে জানানো জানিয়েছিল, ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রীর বিদেশ সফরের জন্য খরচ হয়েছে ২০০০ কোটি টাকা। ওই খরচের মধ্যে রয়েছে বিমান ভাড়া করার খরচ, বিমানের রক্ষণাবেক্ষণের খরচ ও হোটেলের খরচ।

সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী ভি কে সিংয়ের দেওয়া তথ্য অনুযায়ী, মোদির বিমানের রক্ষণাবেক্ষণের জন্য খরচ হয়েছে ১,৫৮৩ কোটি টাকা, বিমান ভাড়া করার জন্য খরচ ৪২৯.২৫ কোটি। এই খরচ ২০১৪ সালের ১৫ জুন থেকে ২০১৮ সালের ৩ ডিসেম্বর পর্যন্ত। ওই সময়ে হোটেল খরচ হয়েছে ৯.১১ কোটি টাকা।

সূত্র- বিডি-প্রতিদিন

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে ৩৪

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণের ঘটনায় শাহাদৎ হোসেন সিফাত (১৮) নামে আরও এক মুসল্লির মৃত্যু হয়েছে। এ নিয়ে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ৩৪ জনে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন

অবস্থায় মৃত্যু হয় তার।

প্রসঙ্গত, গত ৪ সেপ্টেম্বর শুক্রবার রাত পৌনে ৯টার দিকে নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লার পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিস্ফোরণ ঘটে।

এ সময় গুরুতর দগ্ধ অবস্থায় ৩৭ জনকে উদ্ধার করে শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। তাদের মধ্যে চিকিৎসাধীন অবস্থায় ৩৪ জন মারা গেলেন।

বর্তমানে হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন আরো দুই জন এবং সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক জন।

সূত্র- বিডি-প্রতিদিন

এবার কোতোয়ালী থানায় নূরের বিরুদ্ধে অপহরণ ও ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সাবেক সহ-সভাপতি (ভিপি) নুরুল হক নূরের বিরুদ্ধে এবার এক তরুণীকে অপহরণ, ধর্ষণে সহযোগিতা ও ডিজিটাল নিরাপত্তা আইনে রাজধানীর কোতোয়ালী থানায় মামলা হয়েছে। মামলায় নূরসহ ছয়জনকে আসামি করা হয়েছে।

বাংলাদেশ প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেছেন পুলিশের লালবাগ ডিসি বিপ্লব বিজয় তালুকদার।

এর আগে গত রবিবার রাতে লালবাগ থানায় ঢাবির এক ছাত্রীর দায়ের করা ধর্ষণ মামলায় নূরসহ ছয়জনকে আসামি করা হয়। মামলায় অভিযোগ করা হয়, বিয়ের প্রলোভনে ধর্ষণের শালিসে বিচার না করে উল্টো ভুক্তভোগীকে শাসিয়েছেন ভিপি নূর।

তবে গতকাল সোমবার রাতে আটক হওয়ার আগে ফেসবুক লাইভে এসে মামলায়

তার বিরুদ্ধে করা অভিযোগের বিষয়টি প্রত্যাখ্যান করেছেন নুরুল হক নূর। পরে অবশ্য নূরকে ছেড়ে দেওয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

যুক্তরাষ্ট্রের ঘাঁটিতে চীনের কৃত্রিম হামলার ভয়ঙ্কর ভিডিও প্রকাশ

নতুন করে উত্তেজনা বাড়ালো চীনের বিমানবাহিনী। এবার পারমাণবিক ক্ষমতা সম্পন্ন চীনের এইচ-৬ বোমারু বিমানকে যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরীয় সামরিক ঘাঁটি গুয়ামে হামলা চালাতে দেখা গেছে। কৃত্রিম এই ভিডিওটি গত শনিবার (চীনের পিপল’স লিবারেশন আর্মির বিমান বাহিনীর উইবু অ্যাকাউন্টে প্রকাশ করা হয়।

বিশ্লেষকরা বলছেন, ভিডিও প্রকাশের মধ্য দিয়ে মূলত যুক্তরাষ্ট্রকে হুঁশিয়ার করে দিয়েছে চীন। সোমবার ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স প্রকাশিত এক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। বিশ্লেষকেরা মনে করেন ভিডিও`র মাধ্যমে যুক্তরাষ্ট্রকে সতর্ক করেছে চীন

দুই মিনিট ১৫ সেকেন্ড দীর্ঘ একটি ভিডিও প্রকাশ করে দেশটির বিমান বাহিনী। ভিডিওটিতে যে মার্কিন ঘাঁটিতে হামলা চালাতে দেখা গেছে সেই গুয়াম যুক্তরাষ্ট্রের অন্যতম বড় সামরিক স্থাপনা। প্রশান্ত মহাসাগরে অবস্থিত এই স্থাপনায় মার্কিন বিমান ঘাঁটিও রয়েছে।

এশিয়া-প্রশান্ত মহাসাগর অঞ্চলে যেকোনও সংঘাতের জবাব দিতে যুক্তরাষ্ট্রের কাছে খুবই গুরুত্বপূর্ণ এই ঘাঁটিটি। ওই ঘাঁটিতে কৃত্রিম হামলা চালানোর যে ভিডিওটি চীন প্রকাশ করেছে তা শুরু হয়েছে হলিউড সিনেমার মতো নাটকীয় মিউজিক দিয়ে। এই মিউজিকের সঙ্গে সঙ্গে মরু অঞ্চলের কোনও এক ঘাঁটি থেকে এইচ-৬ বোমারু বিমানকে উড়াল শুরু করতে দেখা যায়।

ভিডিওটি’র নাম দেওয়া হয়েছে, ‘যুদ্ধের ঈশ্বর এইচ-৬কে আক্রমণ

শানাচ্ছে।’ ভিডিওটির সংক্ষিপ্ত বর্ণনায় চীনা বিমানবাহিনী লিখেছে, ‘আমরা মাতৃভূমির আকাশ নিরাপত্তা প্রহরী; মাতৃভূমির আকাশ সবসময় সুরক্ষিত রাখার আত্মবিশ্বাস এবং ক্ষমতা দুইই আমাদের আছে।’ সূত্র : টাইমস অব ইন্ডিয়া।